SP - II	N 22°54'05.1" E 087°22'02.1"	N 22°54'05.8" E 087°22'02.0"	0.1	92	20.00	16.067	This plot may be treated as Sample Plot -I / PCB / 2002 Sal which may be considered for the thinning marking plot with the retention of 800 stumps / ha in Sal lines.
Mean :				82.66	18.66	14.885	



No. of Sal trees / ha = 827, Basal Area in m²/ ha = 18.66 & Growing Stock of Sal / ha = 148.85 m³ (approx).

(4) Older Sal forest, crop age around 50-55 years at Mandalpuskarani (J.L.No. 560):

one Older Sal forest patch (age > 50 years) near Dhadika Forest Rest House at Mandalpuskarani mouza (J.L.No. 560) of Dhadika Beat, Garbeta Range under Rupnarayan Division was also taken for field exercise in connection with the Assessment of Sal growing stock and MAI of that older Sal forest stand. The evaluated results / assessment of that forest stand was

Sample Plot	GPS Reading		Plot size (ha)	No. of Sal tree	Basal Area (m ² /ha)	Sal Growing Stock (m ³)	Remarks
	Plot Centre	Plot Northern Point					
SP-I	N 22°54'05.9" E 087°21'33.0"	N 22°54'06.5" E 087°21'33.0"	0.1	45	21.00	15.582	i) No. of Sal trees per ha = 450 ii) Basal area per ha = 21 m ² iii) Sal growing stock per ha over total 450 Sal trees = 155.82 m ³ iv) MAI (m ³ per ha) = 3.12 (approx).

If an ideal condition with spacing of 2.5 m x 2.5 m considering the number of trees per ha 1600 no., then growing stock (volume) per ha of Mandalpuskarani Sal forest may be around 554.027 m³ and then MAI comes to be around 11.0805 m³. But in actual present field condition it is estimated around 450 no. Sal trees, growing stock 155.82 m³ and MAI over 3.12 m³ per ha approximately.

This type of field exercise may also be needed in different areas in connection with the assessment of growing stock as well as thinning requirement in the plantation and coppice forests for the better sustainable management of the forests and biodiversity conservation.

References

- First Working Plan for the East Midnapore Forest Division, Southern Circle, (1972-73 to 1981-82), Volume - I. 7507/PMC/2M-1 (37)/2007 dated 15.12.15 and No. 8235/PMC/2M-1(37)/07 dated 14.01.2016.
- First Working Plan for the West Midnapore Forest Division, Southern Circle, (1975-76 to 1984-85), Volume - I.
- Third Working Plan of Paschim Medinipur District, West Bengal, Volume - II (2014-15 to 2023-24).
- National Working Plan Code - 2014.
- Tour Note (07.12.15 to 09.12.2015) on Thinning of the Plantations, A.Zaidi, IFS, PCCF (HoFF), WB. Office Memo No. 11145 / PMC/2M-1(37)/2007 dated 31.03.16 & No. 01/CS/2M-282/15 (Pt. IV) dated 01.04.16 regarding Silviculture thinning operations for plantation.
- ATR of Working Plans (South)-I Division for 2013-14, 2014-15 & 2015-2016 etc.



Baha Festival at Taldangra Range: a case study on Cultural Traditions of Indigenous people owing for Bio-resource Conservation

Anasua Roy, WBFS

Assistant Divisional Forest Officer, Panchet Division, Bishnupur.

Introduction:

Global climate change, overexploitation of natural resources, deforestation and loss of biodiversity together with rapid growth of human population are bringing dramatic changes in the environment and creating irresistible pressure on forests. But, India having great geographical and ecological diversities shows legacy of traditions in conserving nature and natural resources. Mainly, the indigenous communities entrust respect for nature and consider protection of nature as a sacred duty. Thus indigenous practices of bio-resource conservation remain as a practical example for sustenance of civilization in association with dynamic equilibrium of nature. Their indigenous knowledge of local plants, animals, their habitats, population structures, distributions and use is transmitted from generation to generation. Their religious practices, faith, art and culture, rituals and festivals throw message of sustainable use of bio-resources.

Among the festival of Santhals in West Bengal, “*Baha Parab*” is observed in March i.e. in the spring. The author observed Baha festival in two consecutive years (in 2016 and 2017) at Kanthaldiha village under Sukhonibas JFMC of Taldangra Range under Panchet Division, Bishnupur, District- Bankura. In Bengali language it is also called ‘Salui Pujo’. It is a traditional cultural activity directly connected to indigenous way of nature conservation measures. This is a prominent festival of Tribal community of Bengal. This is a traditional, indigenous and religious festival of Santhals, usually observed just after ‘Dol Purnima’ or ‘Holi’. This is a spring festival bringing new hope and new life in nature connecting with human sustenance. It is a day & night festival with numerous religious and cultural rituals followed by Tribal dance, music, procession, food and many more.

Meaning of the festival:

‘Baha’ means flower, ‘Parab’ means festival; so, this is actually a flower festival in spring. This is concerned with the worship of Sarjam or Sal (*Shorea robusta*) and Matkom or Mohul (*Madhuca indica*), the two important species of dry deciduous forests of South-Western Bengal. The main ingredients of this festival are the flower of Sal (*Shorea robusta*) and Mohul (*Madhuca indica*). By traditional rule they do not tear flowers or pluck new leaves of Sal before observing this festival.

The society of Santhal people of a village sit together to decide or fix a date after ‘Dol Purnima’ for ‘Baha Parab’ in presence of the Headman and the ‘Naike’- the priest of that society. Just after the day observed as Baha Parab, they celebrate their indigenous kind of color festival like ‘Holi’ among themselves by sprinkling only plain water to each other. Instead of using harmful synthetic colors of the modern society, they sometimes use mud, natural minerals or vegetable colors, colors from flower like Semul (*Bombax ceiba*) or Palash (*Butea monosperma*).

Description of the festival:

Kanthaldiha village consists of about 25 families of Santhals. They have a small ‘Jaherthan’ in their village. The area consists of the following trees with some herbs having medicinal values:





Photo Plate 1



Sl. No.	Local Name	Common name in English	Botanical Name	Number
1.	Bat	Banyan	<i>Ficus bengalensis</i>	2
2.	Kanthal	Jackfruit	<i>Artocarpus heterophyllus</i>	2
3.	Kanchmola	Indian Ash Tree	<i>Lannea coromandelica</i>	2
4.	Bel	Bel	<i>Aegle marmelos</i>	1
5.	Sal	Sal	<i>Shorea robusta</i>	6
6.	Leda	Medh / Indian Laurel	<i>Litsea glutinosa</i>	2
7.	Mohul	Mahua	<i>Madhuca indica</i>	1
8.	Kusum	Kusum	<i>Schleichera oleosa</i>	1
9.	Kuchi Jam	Jamun	<i>Syzygium paniculatum</i>	1
10.	Tulsi	Tulsi	<i>Ocimum sanctum</i>	-
11.	Gulanchara	Guduchi /Amrita	<i>Tinospora cordifolia</i>	-
12.	Hatjore	Hadjod	<i>Cissus quadrangularis</i>	-

In this Jaher than they worship their God, 'Marangburu' as some stones put below three large Sal trees along with some horses and elephants made up of Terracotta (Photo Plate.1). At the day of festival it was found that they decorated the Jaherthan with Bamboo made fencing with two beautiful Gates (one as entry point and another as exit point) with colorful paper flags and colorful threads of cotton tied and tangled with meshwork designs (Photo Plate.2). All the materials used in decoration were eco-friendly and indigenous in nature. They cleaned their sacred land with traditional broom made up of 'Broom Grass' at time intervals. But, in the evening it was found that they lightened the sacred groove fencing with low cost LED strings which shows that modern culture is gradually mixing with the traditional life.

They worshiped the Deity twice at Jaherthan during morning and evening. People of the village united together in traditional attire with women dance troop and gents musicians and went to the Naike's house



Photo Plate 2



Photo Plate 3

to take him to the Jaherthan. Then the procession proceeded towards the Jaherthan with the Naike by dancing and singing to please the benevolent Bongas. After reaching the Sacred site, the Naike started religious gesture of worship (Photo Plate. 3) by collecting and sorting flowers of Sal and Mohul along with some turmeric, Sindoor and local fruits like Bel, Papaya, Berries & Bananas (Photo Plate.4). They also prepared for sacrificing local variety Chickens & homemade liquor "Handia". All the people of village including men, women, older people and children participated in the 'Puja' with joy. At the afternoon after completion of the puja they offered rice "Khichuri" to Marangburu and then distributed it among the villagers (Photo Plate.5). All the children, men and women gathered in the Jaherthan and sat together in lines to get offered rice. Only married women were not allowed to sit with them and eat there, they had to take it to their home (Photo Plate.6).

Mainly married women were busy in their home at afternoon in making traditional food in their home as because relatives and friend of many families came from far-away places to cherish the festival of togetherness. In this season Mohul trees shed flowers & women collect them, dry them up & make some traditional local quinines, like Sabji, Pithas with dried and powdered flowers (Photo Plate.7).

During evening it was observed that they again prepared for traditional dance procession with music and traditional musical instruments like Tumdak (Madal), Tirio (Flute), Tamak, Singa, Jhunko and Dhadro (Photo Plate.8).Ladies of all ages were dressed in beautiful white sarees with red border, silver and beaded jewelries, mended their hair with 'khopa' decorated with silver broach and flowers (Photo Plate.9). All people came out from their houses gradually in an open corner of the village and started preparing for dance procession by beating different musical instruments and folk song (Photo Plate.10 & 11). Men were also dressed in traditional attire like, Dhoti & Fatua with Gamchas on their waist &head.



Photo Plate 6



Photo Plate 7



Photo Plate 4



Photo Plate 5

They continued their beautiful tribal music sung in Santhali language and approached the Jaherthan. They showed their musical performance in front of their deity and prayed for long (Photo Plate.12). The day ended with traditional food and drink with friends and relatives.

Significance:

- **Conservation of nature:** Santhal community is expert in collecting Sal leaves and making Sal plates. So from this tree they get their livelihood, use Sal twig as fodder, Sal fruits for making oil. This is the most important NTFP for them. The society is concerned about the sustainable use of this important resource and its conservation. They do not pluck leaves, tear twigs or flowers for any purpose before observing the 'Baha'. Spring is the time to appear new leaves, tender shoots and flower in Sal. The inherent traditions of the indigenous society keep harmony with the nature in rejuvenating



its wealth. Thus many floral and faunal species get opportunity to survive under the umbrella of Sal forest. This act is entrusting their intention of sustainable management of natural resources and conservation of biodiversity unnoticely. The sacred grove, 'Jaherthan' acts as a repository of many flora and fauna and thus creates a beautiful model for In-situ conservation practice.

- **Celebration for new life forms:** The festival is observed during the spring when most of the trees are overwhelmed with new leaves after shedding of the old ones. This indicates the renewal and rejuvenation of life in nature. At a deeper philosophical mode one may think that the indigenous way of life welcomes the renewal of creation of nature by celebrating this festival.



Photo Plate 8



Photo Plate 9



Photo Plate 10



Photo Plate 11

- **Social cohesion:** All the people of the village come together with all friends and relatives to express their joy, respect to the traditions and religious faiths. This reflects their degree of bonding in relationships, shade off any old malice, hatred or enmity, if any and enters into a revamped life of friendship, cooperation, mutual support in the community and maintains solidarity with nature.
- **Spiritual upliftment:** In the Santhal community Spiritual power is essentially preserved in their religious belief. They worship the free spirits amidst of an open air Sanctuary, the Jaherthan. They worship for getting blessing from the supernatural power for good health, seeking guidance and extend thanks for life by sacrifice, offering flowers and fruits, food, exhibiting dance with music and gain mental peace and strength.



- **Economic activity:** The festival marks an important month of agricultural activities. So, they ask for blessing from the benevolent Spiritual Power for undertaking successful harvesting of agricultural crops and protection of agricultural field as well as crops.
- **Passage of ethnological knowledge:** The elder of the community passes their traditional knowledge about nature and life to the younger through this kind of festivals, using folk lore, knowledge about folk medicine practices, music and song where they tell some tales of traditional innovation of indigenous technique for bio-resource conservation.

Conclusion:

The indigenous society of Santhals grows in the cradle of nature. They share their moments of grief and joy with the forest and its biodiversity. This harmonic coexistence from the time immemorial has laid the foundation of indigenous management of bio-resources. The ‘Baha’ festival exhibits a dazzling glimpse of this fact. But there is always a darkness right under the lamp. The indigenous society is gradually mixing with the modern, fast, materialistic lifestyles. There is a great possibility to loose such valuable indigenous traditions and knowledge based practices. So, ‘Baha’ is not merely a tribal festival, it can be an eye opener for initiating some Peoples’ Participatory programs with the indigenous communities as a motivation in conserving forest and sustainable use of bio-resources for future.

Acknowledgement:

The author is grateful the Divisional Forest officer, Panchet Division, Bishnupur for supporting and undertaking the study. The author is also thankful to the Range Officer, and other staff of Taldangra Range for their constant support. Last but not the least; the author is again thankful to the Villagers of Kanthaldiha and Sukhonibas JFMC members for sharing their folks.





Photo Plate 12







Photo: **Bimal Debnath**, WBFS



নিতাই

বিজয় চক্রবর্তী, ফরেস্ট রেঞ্জার, সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প

কালো পেটানো চেহারা, মুখ তুলে আমার সামনে চায় নি কখনো। মুখ তুলে চাইলে নজরে পড়ে পুরুষ্ট গৌঁফ, কথা বললে দেখা যায় ঝকঝকে দাঁত, সরাসরি চাইলে বোঝা যায় নিতাই যে সে নয়। লোকালয়ে কোন ঘটনা - দুর্ঘটনা ঘটলে পুলিশ খোঁজ করে নিতাই কে। সাধারণ গ্রামবাসী এড়িয়ে চলে তাকে।

শাল, মছলের জঙ্গল। কিছু ইউক্যালিপটাস ও আছে। ঐ ঘন জঙ্গলের মাঝে একটিই সরকারী অফিস, বন দপ্তরের। খানিকটা দূরে গ্রাম। গ্রামের লোক জল নিতে আসে অফিসেই। এলাকায় জংলী হাতী এলে আসে পোড়া মোবিল নিতে, সারারাত আগুনে-মশাল জ্বলে খেতের ফসল রাত পাহারা দেবে বলে। চাষীরা পোড়া মোবিল না পেলে শুরু করে তাগুবা। সে যাই হোক, সেই গ্রামের একধারে ফরেস্টের জমির খানিকটা দখল করে, বাঁশ ও কঞ্চির বেড়া দিয়ে তৈরি ছোট কুঁড়ে ঘরে থাকে নিতাই ও তার বৌ নমিতা। সারাদিন বনে বাদাড়ে, দুরে-কাছে অন্য গ্রামে ঘুরে বেড়ায় নিতাই, রাতে একটু মছয়া, না পেলে দেশী পান করে। মাঝে মাঝে বৌকে পেটায়, নিতাই এর বৌ ও কম যায় না, মাঝে মাঝে আঁশ বাঁটি নিয়ে তাড়া করে। পুলিশ ও মাঝে মাঝে আসে। তুলে নিয়ে যায়। দুএকদিন পর ফিরেও আসে। লোকে বলে ও ডাকাত সর্দার। কেউ বা বলে ও পুলিশের এজেন্ট।

তো এইরকম নিতাই নিয়ে আমার আগ্রহ কম ছিল না। পুলিশ যদি ওকে ব্যবহার করে, তবে ফরেস্টের ইনফরমার হিসাবে আমরাও ওকে ব্যবহার করতে পারি।

ব্যবহারের পরিস্থিতি হয়নি অনেকদিন। ইতিমধ্যে কৃষ্ণপুরে সাজ সাজ রবা। জংলী হাতীর দেশে, সুদূর উত্তরবঙ্গ থেকে দুটি কুনকি হাতী আসছে। গ্রামের মাথারা ফোনে ফোনে জেরবার করছে আমাদের। কারও আশা এবার জন্ম হবে জংলীরা, কারও আশঙ্কা ওদের টানেই না হাজির হয় দলমার দামালরা এই কৃষ্ণপুরে - কৃষ্ণপুরে হস্তীলীলা। নির্দিষ্ট দিনে হাতী এল, এল সাংবাদিক। ছবি উঠল, খবরের কাগজে বেরোলা। বিনা পয়সায় সার্কাস দেখার মতলবে বিষ্ণুপুর, জয়পুর, বাঁকাদহ থেকে লোক এসে জুটল কৃষ্ণপুরে। ভিড় সামলাতে হিমশিম অবস্থা। কাঁটাতার এল, বেড়া উঠল। মাছত, পাতাওয়ালাদের পরামর্শে আরও চারজন ডেইলি লেবার নিযুক্ত হল।

একদিন সকালে খবর পেলাম একটি হাতী এক পা অন্য পায়ের উপর চাপিয়ে কৃষ্ণের মত দাঁড়িয়ে। স্থান মাহাত্ম কিনা বুঝলাম না, তবে রিস্ক নিয়ে লাভ নেই। ছুটলাম। সঙ্গে ভেটনারি সার্জন। ডাক্তার ওষুধ দিলেন। কলার খোলার সাহায্যে কিভাবে ওষুধ খাওয়াতে হয় তা মাছত জানে। নিতাইকে দেখলাম অন্য হাতীটির

কাছে দাঁড়িয়ে ডালপালা খাওয়াচ্ছে। মাছত বললে, দিন কয়েক ও এখানেই পড়ে আছে... বড় হাতীটি ওকে কিছু বলে না। ভাবলাম বিচিত্র এই পৃথিবীতে কত কি ঘটতে পারে। তথাকথিত দুশ্লুতি কিভাবে একটি পশুর টানে সমাজ- সংসার ভুলেছে। কিছু বললাম না। ক্যাম্প ইনচার্জকে বললাম, ‘যদি থাকতে চায়, রেখে দিন, আমাদেরও লোক দরকার।’

সেই থেকে রয়ে গেলো নিতাই। কুঁড়ে ছেড়ে উঠে এলো পিলখানার পাশের ব্যারাকে, সামনে পাকা রান্নাঘর। নিতাই এর বৌ এখন পিলখানার সকলের জন্য রান্না করে।

মাস খানেক পরে। নিতাই এখন হাতীকে খাওয়ায়, স্নান করায়, পিঠে চড়ে মাঝে মাঝে কংসাবতী ক্যানাল পাড়ে বেড়াতে নিয়ে যায়। হাতী ডিউটিতে অন্য কোন রেঞ্জের দিন কয়েকের জন্য গেলেও নিতাই তার পিছু ছাড়েনা।

বেতন অল্প হলেও স্বামী স্ত্রী সুখেই থাকে কৃষ্ণপুরের পিলখানায়। বাইরের লোক পিলখানাতে হাতী দেখতে এলে ঢুকতে দেয় না। দূর থেকেই হাতীর গল্প শুনিতে বিদেয় করে। হাতী সামান্য অসুস্থ হলে সঙ্গে সঙ্গে ফোন করে আমাদের। মনে হয় ওর আপন কেউ অসুস্থ হয়ে পড়েছে। সব কাজ ফেলে, অফিস তালা মেরে ছুটি কৃষ্ণপুরে ফিল্ড ডিউটিতে। ডাক্তার-বদ্যি, বিট অফিসার, সিনিয়র অফিসার সবাইকে ফোন অথবা মেসেজ করে ব্যাতিব্যস্ত করে তুলি - হাতী অসুস্থ, কি করা যায়? আমার মধ্যে সঞ্চারিত হয় নিতাই এর উদ্বেগ!!

এভারই বেশ কয়েক মাস কাটে। বছর ঘোরে। আমার ট্রান্সফার হয়, হাতীরও ট্রান্সফার অর্ডার হয়। ব্যাক টু নর্থ বেঙ্গল!!

ভুলে গেছিলাম ওঁদের কথা। ট্রান্সফার হবার মাস দুয়েক পর কৃষ্ণপুর থেকে একটি ফোন আসে, ৫০ থেকে ৫৫ টির একটি হাতীর দল মেদেনীপুরের দিক থেকে ঢুকছে। তাড়াতাড়ি হল পাটির ব্যবস্থা করুন। ভদ্রলোক পূর্বপরিচিত। বললাম, ‘আপনি আমার পার্সোনাল নাম্বার এ ফোন করেছেন।’ হঠাৎ কি মনে হল, নিতাই কি করছে জিজ্ঞাসা করলাম। বলল, নিতাইকে মাস খানেক আগে পুলিশে তুলে নিয়ে যাওয়ার পর আর গ্রামে দেখা যায়নি। ও আবার আগের মত হয়ে গেছে। মনটা বিষণ্ণ হয়ে গেল। ভাবলাম একটি হাতী, কাছে টেনে ওকে কত বদলে দিয়েছিল, প্রায় বান্দ্রীকির কাহিনী রচিত হচ্ছিল আমারই চোখের সামনে। সময়ের চক্র সে কাহিনীকে অক্ষুরে বিনষ্ট করল!!! নাকি এর জন্য আমার কিছু ভূমিকা ছিল.....।

পুনশ্চ : এই মার্চ মাসে কৃষ্ণপুরে নতুন চারটি হাতীর পোস্টিং হয়েছে বলে শুনেছি।

(লেখক বর্তমানে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প এর অধীনে বসিরহাট রেঞ্জ এর দায়িত্ব প্রাপ্ত।)





বাঘরোল (Fishing Cat)

মৎস শিকারির সন্ধান

নভোজিৎ দে, পশ্চিমবঙ্গ বন সেবা

সময়টা মে মাসের মাঝামাঝি। গরমের দাপটে রাজ্যবাসীর ‘ছেড়ে দে মা কেঁদে বাঁচি’ অবস্থা। স্কুলে গরমের ছুটি চলছে (তখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ বন সেবাতে যোগদান করা হয়নি)। মধ্যাহ্ন ভোজনের পর ভাতঘুমের আনন্দ উপভোগ করছিলাম। কিন্তু বিধি বাম। মুঠোফোনের সুরেলা শব্দে ঘুমের দফারফা হয়ে গেল। খানিক বিরক্ত নিয়ে উঠে ফোনটা ধরলেও পর্দায় সংযোগকারীর নামটা দেখেই মনটা আশান্বিত হয়ে উঠলো। ‘Mandira calling’। তবে কি এতদিন ধরে যে সংবাদের অপেক্ষা করছি তাই এল? তাড়াতাড়ি ফোনটা ধরে হ্যালো বলতেই মন্দিরার উত্তেজিত গলা পেলাম, একটা বেশ বড় চিতাবাঘের মত জন্তু আমাদের বাড়ির পিছনের জঙ্গলে বাসা করেছে। সঙ্গে একটা বাচ্চাও আছে। বেশ কয়েক দিন ধরেই দেখছি। প্রায় দশ মিনিট কথা বলার পর যখন ফোনটা রাখলাম ততক্ষণে অবস্থা সম্পর্কে একটা মোটামুটি ধারণা করতে পেরেছি। এপ্রসঙ্গে এই ঘটনার শুরু ও মন্দিরার পরিচয় একটু জেনে নেওয়া দরকার।

বিগত প্রায় চারবছর ধরে আমি ও কলকাতার বাসুদেব পাল মজুমদার ‘বাঘরোল’ বা ‘Fishing Cat’ এর ছবি তোলা ও তথ্যচিত্র নির্মাণের চেষ্টায় আছি। মূলত ফটোগ্রাফির নেশাতেই সুন্দরবন গিয়ে বাসুদেবদার সাথে পরিচয়। সেটা ২০১০ সাল। পরবর্তীকালে এই যোগাযোগ আরও বাড়ে। ২০১২ সালে ওনার বাড়িতে কথায় কথায় বাঘরোলের প্রসঙ্গ ওঠে। বাসুদা তখন ভিতরকনিকার উপর একটা বই লিখছিলেন। সেই বইয়ে বাঘরোলের ছবি প্রসঙ্গে বাসুদার অভিমত ছিল স্বাভাবিক বন্য পরিবেশে বাঘরোলের ছবি পাওয়া আর লটারি পাওয়া একই ব্যাপার। বহু চেষ্টা করেও তিনি ছবি পাননি। আমাদের আদি বাড়ি উলুবেড়িয়া মহকুমার গড়চুমুক এলাকায় হবার জন্য ওই জায়গা সংলগ্ন গ্রামগুলিতে প্রচুর ঘুরেছি এবং সেই সূত্রে বাঘরোলের বিষয়টি পুরোপুরি অজানা ছিলনা। তবে আলাদা করে গুরুত্ব দেবার কথা মনে হয়নি। যাইহোক পরবর্তী সময়ে যখনই গ্রামের বাড়ি গেছি, আলাদা করে স্থানীয় বাসিন্দাদের সাথে কথা বলে বাঘরোল সম্পর্কে নানা তথ্য যোগাড় করার চেষ্টা করেছি, কি রকম দেখতে, কোন সময় সাধারণত দেখতে পাওয়া যায়, স্বাভাবিক আবাসস্থল কোথায়, এইসব।

এপ্রসঙ্গে উল্লেখ্য যে গড়চুমুক, ৫৮-গেট, গাদিয়াড়া সংলগ্ন গ্রামগুলি মূলত দামোদর নদীর অববাহিকা অঞ্চল। তাই এখানে জলাভূমি বা ‘Wetland’ পর্যাপ্ত পরিমাণে দেখা যায় যা বাঘরোলের স্বাভাবিক বাসস্থান। তাছাড়া এই সমস্ত এলাকায় আদিবাসীদের হাতে বাঘরোল মারার ঘটনা, স্থানীয় বাসিন্দাদের frequent sighting report, এইসব তথ্য থেকে আমাদের কাছে

একটা বিষয় পরিষ্কার হয় যে এই এলাকায় বাঘরোলের সন্ধান পাওয়া একেবারে অসম্ভব নয়। তবে কাজটা যে মোটেই সহজ নয় এটাও বুঝেছিলাম পরবর্তী বছরগুলিতে।

২০১২ সালের ডিসেম্বর মাসে আমরা প্রথমবার বাঘরোলের খঁজে যাই। তারপর থেকে বছর বহু ঐ অঞ্চলে যাওয়ার ফলে নানা মানুষের সাথে পরিচয় বাড়ে। মন্দিরা তাঁদেরই একজন। তবে কলা বিভাগের এই ছাত্রীটির মধ্যে পরিবেশ ও তার না-মানুষ বাসিন্দাদের প্রতি যে সহানুভূতি ও সংরক্ষণ করার মানসিকতা দেখেছি তা অন্যদের মধ্যে খুব একটা চোখে পড়েনি।

যাইহোক ফোনটা আসার পর থেকেই বেশ একটা উত্তেজনা অনুভব করতে লাগলাম। তবে অন্য একটা আশঙ্কাও যে মনে আসছিলনা তা নয়। মন্দিরা যে প্রাণীটির কথা বলছে সেটা আদৌ বাঘরোল তো? বনবিড়াল বা Jungle Cat নয় তো? কারন বেশ কয়েকবার এমন হয়েছে বাঘরোল দেখা গেছে খবর পেয়ে গিয়ে দেখেছি বনবিড়াল। আসলে এরা এত সতর্ক এবং এতই লুকানো সন্তর্পণ এদের চলাফেরা যে গ্রামের খুব কম মানুষই এদের চাক্ষুষ করেছেন। তাই বনবিড়াল কে বাঘরোল বলে ভাবার এক স্বাভাবিক প্রবণতা গ্রামের মানুষের মধ্যে আছে।

যদিও বনবিড়াল আর বাঘরোলের মধ্যে পার্থক্য প্রচুর। Fishing Cat, Felidae গোত্রের অন্তর্গত। এর বিজ্ঞানসম্মত নাম *Prionailurus viverrinus*। *Prionailurus* গণের মধ্যে যে চারটি প্রজাতি আছে তাদের মধ্যে Fishing Cat আকারে বৃহত্তম। এই গণ এর অন্য সদস্যদের মধ্যে আছে Leopard Cat (*Prionailurus bengalensis*), Rusty Spotted Cat (*Prionailurus rubiginosus*), এবং Flat Headed Cat (*Prionailurus planiceps*)। এদের মধ্যে Fishing Cat সহ প্রথম দুই সদস্য আমাদের দেশে দেখা যায়। স্থানীয় ভাষায় Fishing Cat, বাঘরোল বা মাছ-বাঘরোল বা বাঘডাঁসা নামে পরিচিত। আকারে এরা ঘরের বিড়ালের থেকে প্রায় দ্বিগুণ বড় গাঁট্রাগাঁট্রা পেশিবহুল চেহারা এবং পা গুলি তুলনায় একটু ছোট। দেহের স্বাভাবিক গড়ন একনজরে দেখলে মনে হয় সামনের দিকে একটু ঝুঁকে আছে। সারা গা জলপাই ধূসর বর্ণের ঘন রোমে ঢাকা। কালো রঙের বৃত্তাকার স্পট দেহের দৈর্ঘ্য বরাবর অনুভূমিকভাবে বিস্তৃত। কপাল থেকে শুরু করে কতগুলি অনুভূমিক রেখা মেরুদণ্ড বরাবর লেজের গোড়া পর্যন্ত বিস্তৃত। লেজটি অপেক্ষাকৃত ছোট ও মোটা। বুক ও পেটের অংশ সাদা ও ঘন রোমযুক্ত হয়। এদের স্বাভাবিক বাসস্থান মূলত জলাভূমি হওয়ায় এবং খাদ্যের প্রয়োজনে এদের প্রায়শই জলে নামতে হয়। তাই এদের দেহে



রোমের আর একটি গৌণ আস্তরণ থাকে। তবে খুব কাছ থেকে না দেখলে এই আস্তরণ চোখে পড়েনা। সাঁতারে এরা দারুন পট্ট। দেহের দৈর্ঘ্য প্রায় ৫৫-১১৫ সেমি এবং লেজের দৈর্ঘ্য ২৪-৪০ সেমি পর্যন্ত হয়। ওজন মোটামুটি ৭-১৬ কেজি। তাই বনবিড়াল আর বাঘরোল এক নজরে দেখলেই চেনা যায়। আসলে সহজে দেখা যায় না বলেই এই সমস্যা হয়।

যাই হোক এরপর তো পুরো ঘটনা বাসুদাকে ফোনে জানালাম। তিনিও সমান উত্তেজিত। কিন্তু কাজের চাপে পরদিনই যেতে অপারগ। শুনে একটু হতাশ হলেও ঠিক করলাম যে আমি আগে গিয়ে দেখব যে প্রাণীটা সত্যিই বাঘরোল কিনা। ছবি তোলার চেষ্টা করব। ইতিমধ্যে বাসুদাও কাজকর্ম গুছিয়ে নিয়ে আমার সাথে যোগ দেবেন।

পরদিন সকালে প্রয়োজনীয় জিনিষপত্র নিয়ে রওনা দিলাম গন্তব্য স্থলের উদ্দেশ্যে। মন্দিরার বাড়িতে যখন পৌঁছালাম ঘড়ির কাঁটা তখন দশটা ছুঁয়েছে।

কলেজ ছুটি বলে মন্দিরা বাড়িতেই ছিল। ক্যামেরা নিয়ে অকুস্থলে যাওয়ার কথা বলতেই আরও একটা চমক। ‘কোথাও যেতে হবেনা। পাশের ঘরের জানালা দিয়েই দেখতে পাবো। খালি শব্দ না করে চুপ করে বসলেই হবে।’ মন্দিরার কথা শুনে আমি তো অবাক! বলি, ‘তোদের দেখে পালিয়ে যায় না?’ ‘ওরা আমাদের চিনে গেছে। ওরা বোঝে যে আমরা ওদের কোনও ক্ষতি করব না।’ - মন্দিরার সহাস্য উত্তর।

পাশের ঘরের জানালা দিয়ে জায়গাটা ভালো করে দেখলাম। এক বিশাল জলার মাঝখানে ছোট একটু দ্বীপের মতো অংশ জেগে আছে। সেখানে একটা পরিত্যক্ত ইটের পাঁজা থেকে উঠেছে এক অশ্রুথ গাছ, আর তার নিচে রয়েছে ঘাস লতাপাতা ঢাকা একটু ফাঁকা জমি। এই ফাঁকা জমিতেই নাকি বাচ্ছাসহ মা বাঘরোলকে দেখা যায়। তবে জায়গাটা দেখে বিশ্বাস করা কষ্ট যে এখানে বাঘরোল থাকতে পারে তাও আবার বাচ্ছাসমেত। লোকমুখে যতটুকু শুনেছি যে এরা মূলত উলুবন, খড়ি বন বা হোগলা বন এর ঘন নিবিড় আচ্ছাদনকেই বাসস্থান হিসাবে পছন্দ করে এবং মানুষকে যতদূর সম্ভব এড়িয়ে চলে। মানুষের সবচেয়ে কাছাকাছি থাকে বনবিড়াল বা Jungle Cat. তাই আশঙ্কাটা মনে রয়েছেই গেল। আসার আগে বাসুদা পইপই করে বলে দিয়েছিলেন যে পায়ের ছাপ দেখতে পাওয়া সম্ভব হলে তা থেকে শনাক্তকরণের চেষ্টা করতে। কিন্তু বাস্তবে তা সম্ভব হল না। নৌকা বা ভেলা জাতীয় কোনও কিছু ছাড়া ঐ দ্বীপ এ যাওয়া অসম্ভব আর তা করতে গেলে বাচ্ছার নিরাপত্তার জন্য মা কোন ঝুঁকি না নিয়ে ঐ জায়গা ছেড়েই চলে যেতে পারে। মা ও বাচ্ছার খেলার জায়গাটাও ঘাস, লতাপাতার আস্তরণে মোড়া। তাই চোখে বাইনোকুলার লাগিয়েও কিছু সুবিধে হল না। তাই চোখে না দেখা পর্যন্ত কিছু জানার সম্ভবনা রইলনা।

দুপুরের খাওয়াটা মন্দিরার বাড়িতেই সারা গেলো। তারপর ক্যামেরা, স্ট্যান্ড সেট করে বসে গেলাম জানালার সামনে। বসে

আছি তো আছিই। ঘড়ির কাঁটা সাড়ে তিনটে ছুঁয়ে ফেলল কিন্তু কোন কিছুই দেখা নেই। আমার মধ্যে উশখুশ ভাব লক্ষ্য করেই বোধ হয় মন্দিরা অভয় দিয়ে বলল, ‘আসবে, আসবে। রোজ তো আর এক সময় আসেনা।’

আরও প্রায় ২০-২৫ মিনিট পার হয়ে গেলো। একটু বিম মতো এসেছিল। কিন্তু সেটা উড়ে গেলো মন্দিরার উত্তেজিত, চাপা গলায়, ‘ওই তো! বেরিয়েছে! দেখতে পাচ্ছ?’ চমকে উঠে বসলাম। কিন্তু ভালো করে তাকিয়েও কিছুই চোখে পড়ল না।

‘কোথায়? কিছুই তো দেখতে পাচ্ছি না?’ উত্তেজনার চোটে একটু জোরেই বলে ফেললাম।

‘আরে ওই তো বট গাছটার বাঁ দিকের ঝোপটা ভালো করে দেখো, খালি মাথাটা বার করেছে!’

মন্দিরার তর্জনী যে দিক নির্দেশ করছে সেই দিক বরাবর তাকালাম। এইবার চোখে পড়ল, ঝোপ থেকে মাথা বার করে প্রাণীটা আমাদের দিকেই চেয়ে আছে। ক্যামেরার ভিউ ফাইন্ডারে চোখ রেখে লেন্সটা জুম করে ফোকাস করতেই আনন্দে লাফিয়ে উঠতে ইচ্ছা করল। হ্যাঁ, বাঘরোলই বটে। কিন্তু ও বাইরে আসবে তো? উত্তেজনার বশে তখন বেশ জোরেই কথা বলেছিলাম। তার মূল্য এখন না চোকাতে হয়! এই ভাবে আরও কয়েকটা মিনিট কাটল। আমি ততক্ষণে বেশ কটা শট নিয়ে নিয়েছি। কিন্তু তাতে কি আর মন ভরে? আমার অস্থিরতা লক্ষ্য করেই বোধহয় মন্দিরা বলল, ‘ও বাইরে আসবে। ওই গাছের নিচে বাচ্ছাটাকে নিয়ে ও খেলে। বাইরে এলে আরও ভালো ছবি পাবো।’ মনে মনে ভাবলাম তাই যেন হয়।

মে মাসের বেলা চারটে মানে ছবি তোলার জন্য যথেষ্ট আলো আছে। তাই বাইরে বেরলে কিছু ভালো শট পাবোই। এইসব ভাবছি, ঠিক তখনই পাশের ঝোপটা নড়ে উঠল আর ছোট্ট একটা লাফ দিয়ে বেরিয়ে এল বাচ্ছাটা। পিছনে মা।

বিকালের পড়ন্ত আলোয় মা ও শাবকের খেলা শুরু হল। সেই অনবদ্য মুহূর্তগুলি ক্যামেরাবন্দী করতে লাগলাম পরপর। আশেপাশে কি হচ্ছে না হচ্ছে আর খেয়াল ছিলনা। বাসুদাকে ফোন করে জানাবার কথা বেমালুম ভুলে গেলাম। চোখের সামনে ঘটে যাওয়া মুহূর্তগুলি বাস্তব না স্বপ্ন তাও যেন বোধগম্য হচ্ছিলনা। কখনো মা’র লেজ নিয়ে শাবকের চেসিং গেম, কখনো মক ফাইটিং কখনো বা স্টকিং এইসব বিরল মুহূর্তগুলি একের পর এক ঘটে চলছিল চোখের সামনে। পরপর শাটার ক্লিক করেই যাচ্ছিলাম। কখনো মা ও বাচ্ছা দুজনেই পাঁচিল থেকে গড়িয়ে পড়ছিল উল্টোদিকের কচুবনে, পরক্ষণেই চকিত লাফ দিয়ে আবার উঠে আসছিল খেলার জায়গাতে। খেলার ছলেই শাবকটির প্রস্তুতি চলছিল ভবিষ্য জীবন সংগ্রামের।

এর আগে বহুবার শুনেছি, গ্রামে বাঘরোল পিটিয়ে মারা হয়েছে বা ইট ভাটার শ্রমিকরা বাঘরোল শিকার করে খেয়েছে। স্কুল যাওয়ার পথে একবার দেখেওছি যে বাঘরোল সম্ভবত গাড়িচাপা



পড়ে মরে পড়ে রয়েছে। এইসব কথা ভাবতে ভাবতে আর সদ্যোজাত বাচ্ছাটিকে দেখে বড় মায়া হতে লাগল। সারাক্ষণ ভয় আর সতর্কতা মা আর শাবকের প্রতিটি নড়াচড়াতে। চোখের সামনে দেখতে পাচ্ছিলাম ক্রমশ ছোট হয়ে আসা তাদের জগতে একটি বাচ্ছা বাঘরোল কি ভাবে বেড়ে উঠছে মায়ের ত্বন্তাবধানে। প্রতি মুহূর্তে মায়ের নজর, সামান্যতম আওয়াজে তার সতর্ক হয়ে ওঠা এসবের মধ্যে দিয়ে প্রকাশ পাচ্ছিল বিড়াল মায়ের ঈর্ষাকাতর ভালবাসা। বুঝলাম মায়ের স্নেহ সব জায়গাতেই এক, মানুষই হোক বা বিড়াল, সন্তানের বিষয়ে সবাই সমান যত্নশীল।

এদিকে মা যখন তার শাবকের গাছে চড়া দেখছে আমার ক্যামেরা ততক্ষণে বিদ্রোহ শুরু করে দিয়েছে। ISO বাড়িয়ে আর কাজ হবেনা বুঝলাম। বাইরে দ্রুত বাছে অন্ধকার, ঝাঁঝের ডাক আর বুনো মশার গান। খেলা শেষ করে ওরাও ফিরে গেলো কচুবনের মধ্যে দিয়ে নিজেদের গোপন আস্তানায়।

প্রায় দুঘণ্টা কোথা দিয়ে পার হয়ে গেছে বুঝতেও পারিনি। জিনিষপত্র গুছিয়ে উঠে পড়লাম। অনেক কাজ বাকি। বাসুদাকে জানিয়ে দিলাম ‘Mission Successful’।





পাগলে কি না বলে, হনুমান কিনা খায়

পূরবী মাহাতো,
সহকারী বিভাগীয় বনাধিকারিক, রূপনারায়ন বনবিভাগ।

পাগল ভেবে শুককীট---
গাছ গুলো সব বাঁচবে কিসে, ভূমি ত সব কংক্রীট ॥
একটা উপায় আসে-
জানলা আর ছাদ গুলো তে এখোনো রোদ ভাসে ॥
যেমনি বলা তেমনি চলা-
অ্যালোভেরা, তুলসি আর কালমেঘে সব জানলা পিলা ॥
বাথিং টবে বড়ো গোলাপ থিওরি টা পুরোনো,
চৌতলাতে বড়ো পেঁপে বানর ঝুলে বেড়ানো।

নাইবা রল, চুনি, পান্না সিন্দুকেতে-
ছাদভর্তি শ্বেতচন্দন খাজানাতে ॥
আঁকন্দ, বাখড় টগর বনে পাগলা ঘুমোয় অঘোরে
ছপছপছপ সীম খেয়ে যায় মুখ পোড়া সব বানরে ॥
একটা বেটা চার পুতছ নয়জনে তার পরিবার,
লীগালি তার চাইন্ড ম্যারেজ সেকারনেই ভরা সংসার ॥
আকাশমনি, ইউক্যালিপ্টাস- পরিবারে পেটের টান,
পাগলা কাকার আম, কাঁঠালে হতেও পারে রোটেশান ॥

তবে এখন শীত ঠক্ ঠক্ পরিযায়ীরাও এসেছে,
জঙ্গল ছাড়, গঞ্জে, ঘোর মানুষ বোড়ো বেড়েছে ॥
লাউ, কুন্দরী, আঁকন্দ খেলাম, কচি কুঁড়ি, গোলাপ রঙীন অন্মান-
পেয়ার দেব না পেটে দেব আকুল, ব্যাকুল বন্যপ্রাণ ॥
সীতা মায়ের আশিস জোরে জা খাবি, তাই মিঠা পাবি,
জঙ্গল মহল ছেড়ে কেন, ঘাঁটাল যেটে মুক্তি চাবি ॥
মহান মানুষ ম্যানিপুলেশন, পাগলা কাকার অভিমান
চল না বেটা, জঙ্গলে ফির, হস কেন তোরা গৃহস্থলে হয়রান ॥



প্রচারের আড়ালে

সমীর মজুমদার

সহকারী বিভাগীয় বনাধিকারিক, ঝাড়গ্রাম বিভাগ

ঝাড়গ্রাম পুরসভার সীমানাই ঝাড়গ্রাম বিভাগের ঝাড়গ্রাম রেঞ্জের বাদরভোলা বীট অফিস। প্রাকৃতিক শালের জঙ্গলের বুক চিরে এখান দিয়ে রাজ্য সড়ক ৫ চলে গেছে লোখাশুলির দিকে। ঝাড়গ্রাম পৌরসভার এক ধারের সীমানায় বাদরভোলা বীট অফিস। বাদরভোলা বীট অফিসের পশ্চিমে খাস জঙ্গল ৭৩১ মৌজার কয়েক শত হেক্টর বনভূমি শাল, পিয়াল, মছল, কেন্দুর সবুজ গাছ গাছালি সমৃদ্ধ। দক্ষিণপাড়া, দুবরাজপুর সহ বেস কয়েকটি বন সুরক্ষা কমিটির সদস্যরা এই বিস্তীর্ণ ঘন জঙ্গল পালাক্রমে বন কর্মচারীদের সঙ্গে কোমর বেঁধে রক্ষা করে এসেছে দীর্ঘ প্রায় পয়ত্রিশ বছর। তার প্রত্যক্ষ ও পরোক্ষ ফল তারা হাতে-নাতে পেয়েছে এবং পাচ্ছে। বন বিভাগের দক্ষিণবঙ্গের জঙ্গল সংলগ্ন গরীব মানুষদের নিয়ে বন কর্মচারীদের লড়াই এর সেই বর্ণনায় ইতিহাস অনেকেরই অজানা। বিশেষ করে নতুন পরজন্মের কাছে। অনেকেই জানেন না নিচু তলার বন কর্মচারীরা এক সময় কি কঠোর পরিশ্রম করেছেন জঙ্গল বাঁচাতে। গরীব জঙ্গল সংলগ্ন অনুন্নত সম্প্রদায়ের মানুষ এবং সাধারণ মানুষদের নিয়ে উন্মুক্ত সরকারী সম্পত্তি রক্ষার এমন দৃষ্টান্ত আর কোন সরকারী দপ্তরের নেই। এ আমাদের গর্বের।

দক্ষিণপাড়া ও দুবরাজপুর বন সুরক্ষা কমিটির কয়েকশত হেক্টর বনভূমির বৃষ্টির জল কয়েক বছর আগেও নানান দিকে প্রবাহিত হয়ে চলে যেত কংসাবতী নদিতো। তখন আসে-পাসে বসত বাড়ী, লোকজন কম ছিল। কিন্তু ১৯৯৭ সাল থেকে ২০০৬ সাল অবধি নানান জায়গায় নানান বস্তি, কলোনী, বাড়ী, স্কুল হবার ফলে বনভূমির বিপুল বৃষ্টির জল নানান ভাবে, নানান জায়গায় বাধা পেতে লাগল। ফলে সামান্য বৃষ্টিতে প্লাবিত হয়ে পড়ল দক্ষিণপাড়া, রাজবাড়ী ... ইত্যাদি সংলগ্ন কয়েকটি বস্তি। ভেঙ্গে পড়ল বেস কিছু কাঁচা বাড়ী, রাস্তা, ডোবা। ক্ষতিপূরণ এবং ট্রানের দাবীতে শুরু হল বিক্ষোভ, রাস্তা অবরোধ, ঝাড়গ্রাম পৌরসভা ঘেরাও ...। বিস্তর ক্ষতিপূরণ দিয়ে ও সামাল দেওয়া অসম্ভব হয়ে পড়ছিল স্থানীয় প্রশাসনের।

একদিন হটাৎ ঝাড়গ্রাম পৌরসভার পৌরপ্রধানের চিঠি বিভাগীয় অফিস হয়ে আমার কাছে। অনুরোধ বনভূমির বৃষ্টির জল পৌরসভার বস্তিতে বন্যা সৃষ্টি করছে আপনারা ব্যবস্থা নিন। এর পর পরই একই চিঠি মহকুমাস্বাকের এবং শেষে পৌরপ্রধান শ্রী প্রদীপ সরকার স্বয়ং হাজির।

পৌরপ্রধান বললেন ‘রেঞ্জারবাবু আপনারা বনের বৃষ্টির জল পুরাতন ঝাড়গ্রামের কয়েকটি বস্তিতে কয়েক বছর বন্যা সৃষ্টি করেছে। আপনারা কোন ব্যবস্থা নিন। নইলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে।’

‘বললাম, আমাদের কোন প্রকল্প নেই। এ ব্যাপারে কোন পরিকল্পনা নেই। আপনি একবার ডি এফ ও সাহেবের সঙ্গে দেখা করতে পারেন।’

উনি বললেন, ‘আমি সাহেবের সঙ্গে কথা বলছি। আপনি একটু এই সমস্যা সমাধানে কিছু করা যায় কিনা দেখবেন।’

বললাম, ‘ঠিক আছে’

প্রদীপ বাবু চলে গেলেন। ঐ সময় অর্থাৎ ২০০৬ - ২০০৭ সালে আমরা নানান প্রকল্পে ছোট- মাঝারি বাঁধ, পুকুর খনন বা সংস্কার করছি। এত ক্ষেত্র বিশিষ্ট বনভূমির বৃষ্টির জল আটকানোর জন্য আমাদের কাছে একটু বড় পরিকল্পনা চাই যাতে অর্থ বেশি লাগবে।

ঐ সময় জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের কাজ এখানে সবে শুরু হয়েছে। এই প্রকল্পে অনেক ধরনের কাজ তখন করছি।

একদিন বিকেলে বিভাগীয় বন আধিকারিক, শ্রী প্রশান্ত কুমার পন্ডিত সাহেবের ফোন, ‘সমীরবাবু বিকেল চারটা নাগা দুবরাজ পুরের ওখানে যাব। পৌরসভার চেয়ারম্যান, কউস্পেলর, মহকুমা শাসক সহ অনেকে থাকবেন। বন্যার কারণটা খতিয়ে দেখবেন।’

বললাম, ‘ঠিক আছে স্যার’।

এরমধ্যে পৌরসভার দায়িত্বপ্রাপ্ত এক ইঞ্জিনিয়ার বনভূমির জল আটকানোর একটি পরিকল্পনা জমা দিয়েছিলেন। সেটি উপযুক্ত হবে না বলে মনে হয়েছিল ফলে ফেরত পাঠাই। হয়ত সেই কারনেই একটা কোন পরিকল্পনা করার জন্য ওনারা আসছেন।

বন্যাজনিত পরিস্থিতির কারণ খুঁজতে স্থানীয় পৌর সদস্যের অনুরোধে তিন-চার বার প্রায় এক বর্গ কিলোমিটার বনভূমি পায়ে হেটে ঘুরেছি। বিদ্যুতের হাইটেনসন লাইনের কাছে একটি ১২-১৪ ফুট গভীর গর্তে বনভূমির বৃষ্টির জলের একটি অংশ পড়ে একটা নালা মত তৈরি হয়েছে। এই নালাতে আরও বিভিন্ন জায়গা থেকে জল এসে পড়ছে। পুরোনো দুই-তিনটি জল যাবার নালা মাটি পড়ে বন্ধ হয়ে গেছে। ফলে সামান্য বৃষ্টিতে তৈরি হচ্ছে ঐ নালায় প্রচণ্ড জলের স্রোত। মাটি ক্ষয়ে জলের সঙ্গে প্রবাহিত হয়ে জমা হচ্ছে নীচের দিকে ব্যক্তিগত জমিতে। নীচের জমিগুলো মনে হচ্ছে বালির খাদান। জল কোথাও জমার বা যাবার রাস্তা না পেয়ে একটি কালভাটের নিচ দিয়ে সোজা বস্তিতে পড়ছে। সৃষ্টি হচ্ছে বন্যা।

এই বনভূমির বৃষ্টির জলে বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে কয়েকটি ধাপে পরিকল্পনা করলাম।



- এক : পুরোনো নালা বা ড্রেন গুলো পরিষ্কার করে বৃষ্টির জলের কিছু অংশ অন্য পথে প্রবাহিত করানো।
- দুই : জঙ্গলের ভূমি ক্ষয় রোধ ও জল সংরক্ষণের জন্য কনটুর ট্রেঞ্চ তৈরী।
- তিন : জঙ্গলের সীমানা বরাবর যে জল যাবার নালা বন্ধ হয়ে আছে সেটি খনন করে বাইরের দিকে পার তৈরী করা এবং গভীরতা বাড়ানো। যাতে ঐ নালা দিয়ে বনভূমির বেশী অংশের জল প্রবাহিত হয় যাতে ঐ জলকে আটকানো যায়।
- চার : ঐ নালার দিয়ে আসা সব জলকে একটা বড় জলাধারে আটকে রাখা। অর্থাৎ মাটির বাঁধ তৈরি যার নীচের দিকে অতিরিক্ত জল যাবার জন্য স্পিল ওয়ে (Spill Way)। এই স্পিল ওয়ের সামনে থাকবে R.C.C এর এক ২০-২৫ ফুট লম্বা কঙ্কিটের দেওয়াল যার উচ্চতা হবে প্রায় ৪-৫ ফুট। এর ফলে একদিকে যেমন বৃষ্টির জল জমা হবে তেমনি বাঁধ পুরো ভর্তি হয়ে গেলে স্পিল ওয়ের উপর দিয়ে ধীরে-ধীরে অতিরিক্ত জল চলে যাবে এক নির্দিষ্ট রাস্তায়। এতে জল সংরক্ষণ ও ভূমি সংরক্ষণ তো হবেই তার সঙ্গে বন কর্মিটির সদস্যরা মাছ চাষ ও করতে পারবে।
- পাঁচ : ঐ খালের মাঝে-মাঝে থাকবে Rock Check Wall যাটি জল বাহিত মাটিকে আটকে ভূমি ক্ষয় রোধ করবে। পুরো প্রকল্পে খরচ প্রায় ৭.৫০ লক্ষ টাকা।

ঠিক বিকেল চারটায় ডি এফ ও সাহেব সহ সকলে এলেন। তারা সকলে জায়গাটি পরিদর্শন করলেন। ফেব্রার সময় ডি এফ ও সাহেব বললেন, ‘আপনি একটা স্পিল তৈরি করে আমাকে পাঠান। দেবী করবেন না।’

প্রথমে কয়েকজন ইঞ্জিনিয়ারের সাহায্যে নিয়েছিলাম। কিন্তু তারা আমাদের এই ধরনের কাজে অনভিজ্ঞ বলে আমার মত করে পরিকল্পনা তৈরি করলাম। ঐ পরিকল্পনা মত জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর থেকে জাতীয় গ্রামীণ রোজগার নিশ্চিত প্রকল্পে

(NREGS) কাজ করার অনুমোদন এল। পুরো কাজ করবে গ্রামের মানুষ কোন যন্ত্র দিয়ে নয়।

আমাদের নিচু তলার বন কর্মচারীদের একটা বড় অংশ সরকারী কাজের প্রতি দায়বদ্ধতা যে কোন দপ্তরকে টেকা দেবার ক্ষমতা রাখে। এই রকমই এক কর্মচারী চিত্ত মাহিতি, বনরক্ষী। ওকে কাজের পরিকল্পনা বুঝিয়ে, দায়িত্ব দিয়ে কাজ শুরু করলাম। সপ্তাহে ২-৩ বার কাজ পরিদর্শন করে চলতে লাগল কাজ। প্রায় এক বছরের শেষে অর্থাৎ ২০০৮ এর June মাসে শেষ করে ফেললাম পরিকল্পনামাফিক কাজ।

আমি নিশ্চিত ছিলাম আমার কাজের উদ্দেশ্য সফল হবেই। মনে যে সংশয় ছিল না তা নয়। করুণা, চিত্ত এবং বিটবাবুর দৃঢ় প্রয়াস সার্থক হল। ২০০৮ সাল থেকে বৃষ্টির জলে প্লাবিত হবার সেই যন্ত্রণা থেকে কয়েক শত বন সুরক্ষা কর্মিটির সদস্য এবং সাধারণ মানুষ মুক্তি পেলে। আমাদের উপর জঙ্গল সংলগ্ন মানুষের আস্থা বেড়ে গেল। বিভাগীয় বন আধিকারিক শ্রী প্রশান্ত কুমার পন্ডিত সাহেবের বিশ্বাস এই কাজ সম্পূর্ণ করতে সাহায্য করল। এরপর বিভাগীয় বন আধিকারিক এলেন, শ্রীমতী লিপিকা রায়, IFS তাঁর আফুতোভয়, জনদরদী এবং বন কর্মচারীদের প্রতি আস্থা ও বিশ্বাসের মর্যাদা ঐ পরিকল্পনা আর ও সুন্দর করতে সাহায্য করল।

এ বাঁধ বেস কয়েকবার দেখতে এলেন পশ্চিম মেদিনীপুরের জেলাশাসক ও তাঁর আধিকারিকেরা, এলেন শ্রী এম এল রায়, আই এ এস সচিব গ্রাম উন্নয়ন দপ্তর। এই কাজের খবর পৌঁছে গেল দিল্লীতে। এলেন দিল্লী থেকে পরিকল্পনা দপ্তরের আধিকারিকেরা, নেতৃত্ব মিঃ এ পি সুনকার। সকলেই বন বিভাগের এমন কাজে বিশেষ করে জাতীয় গ্রামীণ রোজগার প্রকল্পের কাজে বিস্মিত এবং প্রশংসায় পঞ্চমুখ। তারা জঙ্গল মহল এবং বন দপ্তর থেকে দিল্লীতে আমন্ত্রণ জানালেন বিভাগীয় বন আধিকারিককে।

প্রায় দশ বছর হতে চলল আর বনভূমির বৃষ্টির জলে গ্রামে বন্যা হয়নি। বন দপ্তরের ক্ষুদ্র পরিসরে বন ও বন্য প্রাণী সুরক্ষার পাশাপাশি পশ্চিমবঙ্গে বন কর্মচারীরা এই ধরনের অনেক উল্লেখযোগ্য কাজ করেছেন এবং করছেন। এটি একটি দৃষ্টান্ত মাত্র।







Traditional and Medicinal uses of Mangrove plants of Sundarbans Ethnomedicinal Plants of Mangrove Forests of Sundarbans

Prasanta Kumar Pandit, IFS
Chief Conservator of Forests, West Bengal

Mangroves are woody specialised types of trees growing in brackish wetlands in the tropical and sub-tropical intertidal coastal zones and river deltas where other plants cannot grow. There are about 39.3 million areas of mangrove forest found all over the globe in the warm coastlines and Tropical Oceans. Among these Sundarban is the largest single chunk of tidal halophytic mangrove forests in the globe. Of the total approx. 10000 sq.km area, Indian Sundarban covers approx. 4266 sq km and rest is covered by Bangladesh Sundarban mangrove forests. The forest lies in the Ganges-Brahmaputra Delta along Bay of Bengal and is spread across areas of Bangladesh and west Bengal, India, forming the seaward fringe of the delta. The name Sundarban, literary meaning “beautiful forests “is believed to be derived from Sundari (*Heritiera fomes*), one of the important species found in this mangrove forest. The biodiversity of Sundarban mangrove forest is rich and wide ranging for which both of its Indian and Bangladesh parts have been declared as a world Heritage Site of UNESCO in the year 1987 and in 1997 respectively. Mangrove vegetation thrive in extremely hostile and stressful environment with high salinity, high and low tides of water, high temperature and moisture, strong winds and muddy anaerobic soil. Besides this abiotic stress factors, other factors like insects and microorganisms contribute largely in developing the biotic stress of the community. To thrive in such hostile environment mangrove plants have developed some physiological and morphological adaptations and probably no other group of plants have developed such type of adaptations. To exits in such extreme conditions, alteration in their physiological processes have occurred resulting in the synthesis of novel chemical compounds which protected these plants against various abiotic and biotic stress.

Mangroves are one of the most productive ecosystems that enrich coastal waters, yield commercial forest products, protect coastlines, and even support coastal fisheries and storehouse of endangered faunas. It act as an effective carbon sink and sequester higher amount of Carbon dioxide (Co₂) which approximately amounts to 100 tons of Co₂ per hectare and also stabilize the soil particles to control erosion.



Sundari



Goran





Dhani ghas

A number of these compounds have significant biological and other medicinal properties that can be exploited in shaping better human health case need in the communities resides around mangrove forests. Many mangrove species have their uses in folk or traditional medicines as cures of various ailments and for their commercial purposes. These chemical components derived from the natural sources of mangrove plants can play very significant roles in the new drug recovery process. However extensive scientific works need to be carried out to develop deeper into this scantily explored yet promising area to unfold the rich sources of valuable elixir for the healthcare of mankind.

Local inhabitants face tremendous austerity from environmental problems, but are dependent on forest plants for their medical requirements along with other day to day uses, in scarcity of modern medical facility coupled with transportation difficulties.



Bhola

Indigenous knowledge is now recognised by major international conservation bodies, and the importance of traditional way of ecosystem management is an emerging discipline of research.

Ethnically Indian Sundarban is dominated by Scheduled Caste and Scheduled Tribe communities with low per capita income and low literacy rate. Main occupations of the people are cultivation, agriculture labourers, house hold workers, fishing, honey and crab collection etc. Most of the farmers do small and marginal rainfed monocropping with very low production. Electricity supply is very poor and medical facilities mostly depend on traditional method of treatment. Sundarban Badaban is infamous to the settlers due to environmental



Golpata

austerity but it is a repository of medicinal plants having tremendous ethno medicinal significance. Fringe population is dependent on those plants for remedies of wide variety of ailments and use them for other purposes. The knowledge of ethno medicinal value is passed down from generation to generation as a folk tradition in the communities of Sundarban. The difficulty in transport and lack of medicinal care in the area have compelled the population to divert their attitude to locally available medication and its acceptance of different mystic rituals associated with materials derived from mangrove flora.



Ethnomedicinal mangrove plants



Dhudul



Kalobain




Genwa



Kankra



Jatbain



Keora



Traditional medicine and its healing practices is about as old as written human history: Ancient Mesopotamia which is the modern day Middle East, the place where the oldest tents about traditional medicines were found and they sourced back to about 2100 BCE. There is evidence in clay tablets that sorcery, prayer and medicinal plants were used but also more conventional forms of medicine such as washing and bandaging. The World Health Organisation states that traditional medicine mostly practiced by indigenous or nature populations and as much as 80% of the populations in certain countries within Asia and Africa rely on it for primary care.

Generally Kabiraj or Baidya, Bawali or Gunin and Ojha are related Traditional medicinal practice in mangrove areas of Sundarban. Kabiraj or Baidya have traditional botanical and pharmacological knowledge about mangrove plants and fauna. They generated this knowledge about plants in the local medicine man. Bawali or Gunin are diagnostic specialist. They are actually medicinal plants resource collection community. Local believe that they have extra ordinary knowledge for forest environment. Some time they involve in trance communication with spirits, the supernatural and the physical entities that assists in the diagnosis and to save any kind of forest obstacles in sight of the mangrove forest. They identify the ailments, remedies or ceremonies that are required to restore good spiritual, emotional and physical health, and wellbeing.

The Ojha have deep connection with healing culture. They are known as gifted individuals of our folk society who may heal snake bites as well as common disease in different ways, like touch and stroke method naturally they use ritualistic approach. They have a great power to use a variety of therapies to heal people spiritually, emotionally or physically.

Ethno medicinal uses of some mangrove plants in Sundarban are given in table no-1.



Kholse



Kripa



Tora



Table-1: Ethno medicinal uses of Mangrove plants

Sl. No.	Local Name	Scientific Name	Family	Habit	Parts Used	Medicinal uses
1	Hargoja	<i>Acanthus illicifolius</i>	Acanthaceae	Shrub	Leaf, root, fruit, plants extract	Roots are boiled and extract used to treat various diseases like asthma, paralysis, leucorrhoea and debility. Leaf used in diabetes, rheumatism, snake bites and fish poison.
2	Lata Hargoja	<i>Acanthus volubilis</i>	Acanthaceae	Climber	Leaf	Leaf used in diabetes and asthma; stem bark used to stop vomiting and dehydration.
3	Khalsi	<i>Aegiceros corniculata</i>	Myrsiniaceae	Tree	Leaf, stem bark	Leaf decoction helps to remove pain.
4	Tora	<i>Aegialities rotundifolia</i>	Plumbaginaceae	Tree	Leaf	Leaves are dried and taken as a remedy for stomach ulcers.
5	Kalobain	<i>Avicenia alba</i>	Avicenniaceae	Tree	Wood, root, fruit, resin	Root is aphrodisiac; resin used as antifertility; fruit cures ulcers and skin diseases; bark is astringent; wood is used for tonic.
6	Peyarabain	<i>Avicennia marina</i>	Avicenniaceae	Tree	Whole plant, bark fruit	Plant juice is used to promote abortion; unripe fruit paste used to treat boils and bark is used as astringent.
7	Jatbain	<i>A. officinalis</i>	Avicenniaceae	Tree	Root, bark, resin, fruit, seeds	Root is aphrodisiac; resin has antifertility property; fruit and seeds are used to cure small pox, paste of green fruit is used to treat ulcer, bark is used as astringent.
8	Bakulkankra	<i>Bruguiera cylindrica</i>	Rhizophoraceae	Tree	Leaf	Leaf is used to care hepatitis.
9	Kankra	<i>Bruguiera gymnorrhiza</i>	Rhizophoraceae	Tree	Bark, leaf, flower	Bark is macerated and the extract is used to control diarrhoea and diabetes; leaves and flowers are used to reduce blood pressure.
10	Nata	<i>Caesalpinia bondac</i>	Caesalpinaceae	Shrubs	Leaf	Leaf extract is used to cure jaundice and rheumatism.
11	Shingrilata	<i>C. cristata</i>	Caesalpinaceae	Climbers	Leaf	Leaf paste used to cure scabies.
12	Jhamtigoran	<i>Ceriops decandra</i>	Rhizophoraceae	Tree	Leaf, fruit, bark	Leaf and bark decoction is used to stop haemorrhage; fruit paste used against ulcers and malaria.



13	Mathgoran	<i>C. tagal</i>	Rhizophoraceae	Tree	Fruit, shoot, stem, bark	Fruit is purgative, stem bark and fruit juice used to stop haemorrhage and cure eczemas; shoot decoction is used against malaria and skin infection.
14	Panlata	<i>Derris trifoliata</i>	Papilionaceae	Climber	Whole plants	Whole plant extract is used as antispasmodic and stimulant; powdered root is used to treat person affected by chronic alcoholism.
15	Gnewa	<i>Excoecaria agallocha</i>	Euphorbiaceae	Tree	Latex	Latex is acrid and poisonous; it act against carbuncle, leprosy and toothache.
16	Sundari	<i>Heritiera fomes</i>	Sterculiaceae	Tree	Leaf, seed	Grinded seed is useful for dysentery; leaf decoction is used to stop haemorrhage
17	Bhola	<i>Hibiscus tiliaceus</i>	Malvaceae	Shrub	Leaf, bark, root, seed	Leaf extract is laxative; bark is used to treat dysentery; root paste is used to treat rheumatism; seed is used as euretic.
18	Goria	<i>Kondelia candel</i>	Rhizophoraceae	Tree	Leaf, bark	Bark is useful to cure diabetes; leaf decoction is useful against for frequent urination
19	Kripa	<i>Lumnitzera racemosa</i>	Combretaceae	Tree	Fruit, stem, bark	Fruit is used in skin diseases; stem juice is used to treat rashes, etc.
20	Chhagalkuri	<i>Ipomoea pescarpae</i>	Convolvulaceae	Climber	Whole plants, root, leaf	Leaf decoction is used to cure stomach infection, skin diseases, arthritis; leaf paste is used to cure boils and carbuncles; root decoction is used for gonorrhoea.
21	Golpata	<i>Nypa fruticans</i>	Areaceae	Palm	Root, leaf, fruit	Root and leaf ash is useful in toothache; fruit pulp is used to cure skin diseases.
22	Phanimansa	<i>Opuntia dillenii</i>	Cactaceae	Shrub	Whole plants	Plant extract is expectorant; used in ulcers, boils, fever, leucorrhoea and menorrhagia.
23	Hental	<i>Phoenix palludosa</i>	Cactaceae	Palm	Fruit	Fruit pulp is used to reduce inflammation and persistent fevers, flatulence
24	Karanj	<i>Pongamia pinnata</i>	Papilionaceae	Tree	Fruit, seed	Fruit is used to cure piles and ulcers; seed oil is used to treat skin diseases.



25	Dhanighas	<i>Porteresia coarctata</i>	Poaceae	Herb	Whole plants	Plant extract useful in curing stomach ailments.
26	Garjan	<i>Rhizophora apiculata</i>	Rhizophoraceae	Tree	Leaf	Leaf decoction is used to diarrhoea, nausea and skin diseases.
27	Garjan	<i>R. mucronata</i>	Rhizophoraceae	Tree	Bark	Bark extract is used to treat diabetes, stop blood discharge during vomiting; astringent.
28	Keora	<i>Sonneratia apetala</i>	Sonneratiaceae	Tree	Fruit	Fruit is used as spice; also edible.
29	Keora	<i>S. alba</i>	Sonneratiaceae	Tree	Fruit	Fruit is used to treat skin diseases, cough and poultices of cut.
